দৈনিক ইনকিলাব

তারিখ 03 APR 1997 পৃষ্ঠা ৮ কলাম ২

02

## উন্মুক্ত বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি সভাপতির প্রতি ২১ সদস্যের অনাস্থা জ্ঞাপন

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির ২১ জন সদস্য সমিতির কার্যকরী পরিষদের সভাপতি প্রফেসর ডঃ আবু হেনা মোঃ ফারুক-এর বিরুদ্ধে অনাস্থা জ্ঞাপন করেছে। শিক্ষকদের স্বার্থবিরোধী কাজ এবং শিক্ষকদের মতামতকে উপেক্ষা করে বিবৃতি প্রচার করায় বাউবিশিস-এর সাধারণ সম্পাদকের নিকট লিখিতভাবে এই অনাস্থা প্রস্তাব পেশ করা হয়েছে।

উল্লেখ্য, অনাস্থা প্রস্তাব আনার জন্য সমিতির এক-তৃতীয়াংশ সদস্য অর্থাৎ ১৭ জনের সম্মতি প্রয়োজন ছিল। এ বিষয়ে সমিতির গঠনতন্ত্র অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে বলে এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

সরকারের চাপে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ৩ জন শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীকে বেআইনীভাবে বরখাস্তের নিন্দা জানিয়েছে বাউবি'র কর্মকর্তাবৃন্দ। নাম প্রকাশে অনিচ্ছুক কমকর্তাবৃন্দ গতকাল এক প্রেস বিজ্ঞপ্তিতে বলেন, ১৯৯৪ সালে রেকর্ডকৃত স্কুল অব

শেষ পৃঃ ২-এর কঃ দেখুন

## উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

এডুকেশনের সমাজ বিজ্ঞান বইয়ের অংশবিশেষ প্রচার করা হয় (যাতে বাংলাদেশী জাতীয়তাবাদ ও মুক্তিযুদ্ধের সর্বাধিনায়ক এম এ জি ওসমানীর নাম উল্লেখ রয়েছে) যা এই আওয়ামী লীগ সরকারের আমলেও গত আগস্ট '৯৬ মাসে প্রচার করা হয়েছে। বইয়ের সাথে সঙ্গতি থাকার কারণে ভুল তথ্য বলে কারো কাছে বিবেচিত হয়নি। কেউ রাজনৈতিক দৃষ্টিকোণ থেকেও বিচার করেনি। অথচ বর্তমান সরকারের চাপে ভিসি একজন শিক্ষক, একজন কর্মকর্তা ও একজন কর্মচারীকে বরখাস্ত করেছেন।

### কর্মচারীদের প্রতিবাদ সভা

উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ভিসি'র সাথে কতিপয় শিক্ষকের অশোভন আচরণের অভিযোগ করে এর প্রতিবাদে বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা-কর্মচারীরা গতকাল গাজীপুরে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে যৌথ প্রতিবাদ সভা করে। বাউবি কর্মকর্তা সমিতির সভাপতি মুহম্মদ জহুরুল ইসলামের সভাপতিত্বে এ সভায় বক্তারা ভিসি'র নেতৃত্বের প্রতি পূর্ণ আস্থা ও সমর্থন ব্যক্ত করেন। প্রেস বিজ্ঞপ্তি।